# এসএসসির খাতা পুনর্নিরীক্ষার ফল ১০ আগস্ট



*১১ জুলাই থেকে শুরু হয়েছিল এসএসসির ফল পুনর্নিরীক্ষার আবেদন। প্রতীকী ছবি*

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৭ জুলাই ২০২৫ | ১৯:৫২

- অ +

এসএসসি ও সমমান পরীক্ষার খাতা পুনর্নিরীক্ষার ফল আগামী ১০ আগস্ট প্রকাশ করা হতে পারে। ওইদিন বোর্ডের ওয়েবসাইটে এ ফল প্রকাশ করা হবে এবং যেসব শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে তাদের এসএমএসের মাধ্যমে জানানো হবে।

রোববার আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক ও ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন, ফল ঘোষণার ৩০ দিনের মধ্যে পুনর্নিরীক্ষার ফল প্রকাশের নিয়ম। সে হিসেবে ৯ আগস্টের মধ্যে ফল প্রকাশের সময়সীমা শেষ হবে। এ পরিপ্রেক্ষিতে ১০ আগস্ট ফল প্রকাশের পরিকল্পনা নেওয়া হয়েছে।

১০ জুলাই এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ হয়। ১১ জুলাই থেকে ফল পুনর্নিরীক্ষার আবেদন শুরু হয়, যা চলে ১৭ জুলাই পর্যন্ত। প্রতিটি বিষয়ের জন্য আবেদন ফি ছিল ১৫০ টাকা।

বিষয় : এসএসসি পরীক্ষার ফল


**আরও পড়ুন**



আজ জুলাই সনদের খসড়া দেওয়া হবে দলগুলোকে

আপডেট ২৮ জুলাই ২০২৫ | ০৯:২৫



## মাইলস্টোনে বিমান বিধ্বস্তের ঘটনা তদন্তে কমিশন গঠন

আপডেট ২৮ জুলাই ২০২৫ | ০৯:০৭

## পুলিশের ঊর্ধ্বতন ১৮ কর্মকর্তাকে বদলি

আপডেট ২৮ জুলাই ২০২৫ | ০৫:৩৮




## ইসির মাঠ প্রশাসনে বড় রদবদল, ৭১ কর্মকর্তা বদলি

আপডেট ২৮ জুলাই ২০২৫ | ০৫:৩৩

## সর্বশেষ



এবার আয়াতুল্লাহ খামেনিকে হত্যার হুমকি ইসরায়েলের



স্টেশনের সব বৈদ্যুতিক পাখা খুলল রেলওয়ে, যাত্রীদের দুর্ভোগ



আজ জুলাই সনদের খসড়া দেওয়া হবে দলগুলোকে



মাইলস্টোনে বিমান বিধ্বস্তের ঘটনা তদন্তে কমিশন গঠন




রাবিতে জালিয়াতি করে ভর্তি হতে এসে আটক ১



পাবনায় দুর্বৃত্তদের হামলায় আহত প্রবীণ অধ্যাপক বসাক তুলশী, ঘর তছনছ



চট্টগ্রামে ভ্যাটের সহকারী রাজস্ব কর্মকর্তা সাময়িক বরখাস্ত



ভারতের হরিদ্বারে মন্দিরে পদপিষ্ট হয়ে নিহত ৬

আরও পড়ুন